

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র

সময়- ৩ ঘণ্টা

পূর্ণমান-১০০

দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্ব সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। 'ক-বিভাগ' হতে যে কোনো

৬টি এবং 'খ-বিভাগ' হতে যেকোনো ৮টি প্রশ্নের উত্তর দিতে হবে।।

ক-বিভাগ: রচনামূলক প্রশ্ন

৬ × ১০ = ৬০

১. উৎপাদনশীলতার গুরুত্ব বর্ণনা করো।
২. শ্রম বিভাগ বর্তমান উৎপাদন ব্যবস্থায় অনেক সুবিধা সৃষ্টি করেছে। তুমি কী একমত? মতামত দাও।
৩. প্রতিষ্ঠানের অস্তিত্ব রক্ষার জন্যেই উৎপাদন মাত্রার গুরুত্ব সম্প্রসারিত হচ্ছে। তুমি কী একমত? তোমার মতামত দাও।
৪. বাংলাদেশের জাতীয় আয় পরিমাপের অসুবিধা আলোচনা করো।
৫. সেবা খাতকে পূর্বে তেমন গুরুত্ব না দেয়া হলেও বর্তমানে সেবা খাতের ব্যাপক প্রবৃদ্ধি লক্ষ করা যায়। এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো।
৬. পণ্য ডিজাইনের ধরণ বা শ্রেণিবিভাগ আলোচনা করো।
৭. বিভিন্ন ধরনের উপাদানের মাধ্যমে পণ্যের মান ব্যবস্থাপনা বজায় রাখা যায় – এ বিষয়ে তোমার যুক্তি দাও।
৮. উৎপাদন ক্ষমতা নির্ধারণের বিবেচ্য বিষয়সমূহ বর্ণনা করো।
৯. অফিস বিন্যাসের নীতি বা মতবাদ বর্ণনা করো।

১. ভোগ্যপণ্য কী?
২. 'ভূমির উৎপাদন ক্রমহ্রাসমান হারে বাড়ে।' – কথাটি বুঝিয়ে লেখো।
৩. পণ্যের প্রতি ভোক্তার আকর্ষণ বাড়াতে বৃহদায়তন প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা করো?
৪. বিশিষ্ট পণ্য কী?
৫. মান নিয়ন্ত্রণের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো।
৬. ব্যবসায়ের শিল্প এলাকা কী বোঝ?
৭. মোট দেশজ উৎপাদন কী?
৮. উৎপাদন ক্ষমতাহ্রাসের কারণগুলো তুলে ধরো।
৯. ব্যবসায়ের উপযুক্ত অবস্থান নির্বাচন কীভাবে প্রতিযোগিতা মোকাবেলায় সাহায্য করে?
১০. ব্যবসায় কাঁচামালের সহজলভ্যতার ভূমিকা বর্ণনা করো।
১১. মাত্রাজনিত ব্যয় সংকোচন কী?
১২. উৎপাদন ও উৎপাদনশীলতার মধ্যে পার্থক্য কী?